

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৭ ১৭

বিশালগড়, ৬ নভেম্বর, ২০২৪

বিশালগড়ে কলা উৎসব অনুষ্ঠিত

বিশালগড় নতুন টাউনহলে আজ শিক্ষা দপ্তরের উদ্যোগে আয়োজিত হয় সিপাহীজলা জেলাভিত্তিক কলা উৎসব। প্রদীপ প্রজ্ঞালনের মাধ্যমে অনুষ্ঠানের উদ্বোধন করেন বিধায়ক সুশান্ত দেব। উৎসবের উদ্বোধন করে তিনি বলেন, কলা উৎসব ছাত্রছাত্রীদের সুপ্র প্রতিভার বিকাশের এক অন্যতম সুযোগ। আগামী প্রজন্ম বা ছাত্রছাত্রীরা এ সকল কর্মসূচির মাধ্যমে পুঁথিগত বিদ্যা অর্জনের সাথে সাথে তাদের প্রতিভা প্রকাশ করার সুযোগ পাবে। এছাড়াও ছাত্রছাত্রীদের উজ্জ্বল ভবিষ্যৎ কামনা করে বক্তব্য রাখেন বিধায়িকা অন্তর্বাস সরকার দেব। অনুষ্ঠানে সিপাহীজলা জেলার জেলা শিক্ষা আধিকারিক মলয় ভৌমিক স্বাগত বক্তব্য রাখেন। সিপাহীজলা জেলার বিভিন্ন বিদ্যালয় থেকে আগত ছাত্রছাত্রীদের মধ্যে নৃত্য, গান, নাটক, কুইজ, আবৃত্তি, চিত্রাঙ্কন প্রভৃতি বিষয়ে প্রতিযোগিতা অনুষ্ঠিত হয় এবং প্রতিযোগিতায় বিজয়ীদের পুরস্কার সহ সার্টিফিকেট প্রদান করা হয়। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিশালগড় পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান অতশী দাস, বিশালগড় পুরপরিষদের চেয়ারপার্সন অঞ্জন পুরকায়স্তু, বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব গৌতম ঘোষ, প্রসেনজিৎ চক্রবর্তী সহ জেলার বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষক শিক্ষিকাবৃন্দ।
